

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
রিসার্চ এন্ড নলেজ ম্যানেজম্যান্ট সেল
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭


স্মারক নং- রিসার্চ সেল/২২

তারিখঃ ২৪/০৯/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মাঠ পর্যায়ের TVET প্রতিষ্ঠান সমূহের র্যাংকিং প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে কারিগরি শিক্ষা অধিদপ্তরভূক্ত সকল প্রতিষ্ঠান (TTTC, VTTI, পলিটেকনিক এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ) এর সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ, সেবা ও ইনোভেশন সমূহ জনমুখী এবং প্রতিষ্ঠান সমূহের র্যাংকিং নির্ধারণের জন্য একটি কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত পরিকল্পনার নিরিখে গত অর্থবছরের (২০১৭-২০১৮ খ্রিঃ) কার্যক্রম সমূহ পর্যালোচনাপূর্বক প্রতিষ্ঠান সমূহকে র্যাংকিং করা হবে। প্রতিষ্ঠান সমূহের র্যাংকিং নির্ধারণের জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের অভ্যন্তরীণ ই-সেবা হতে প্রতিষ্ঠান র্যাংকিং লিংক এ প্রবেশ করে অনলাইনে স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্যাদি প্রমাণকসহ নির্ভুলভাবে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণ অতীব জরুরী।

এমতাবস্থায় কারিগরি শিক্ষা অধিদপ্তরভূক্ত সকল প্রতিষ্ঠান (TTTC, VTTI, পলিটেকনিক এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ) সমূহের প্রতিষ্ঠান প্রধানদেরকে অনলাইনে আগামী ২৫/০৯/২০১৮ খ্রিঃ সকাল ০৯:০০ ঘটিকা হতে ২৭/০৯/২০১৮ খ্রিঃ রাত ১২:০০ ঘটিকার মধ্যে তথ্য প্রেরণ করে প্রেরিত তথ্যাদির প্রমাণকসহ হার্ডকপি আগামী ০২/১০/২০১৮ খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর এ পৌছানো নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(বিপ্লব বিকাশ পাল চৌধুরী)

সহকারি পরিচালক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা
রিসার্চ এন্ড নলেজ ম্যানেজম্যান্ট সেল
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮

ইমেইল: dte.research.wing@gmail.com

স্মারক নং- রিসার্চ/২২

তারিখঃ ২৪/০৯/২০১৮ খ্রিঃ

অবগাও ও প্রয়োজনীয় প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/পরি: ও উন্ন:/ভোকেশনাল/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
- ২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
- ৪। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
- ৫। সহকারী পরিচালক সকল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল। (অনলাইনে প্রাপ্ত তথ্য সমূহ যাচাই বাছাই পূর্বক ০৭ কর্মদিবসের মধ্যে রিসার্চ এন্ড নলেজ ম্যানেজম্যান্ট সেল এ প্রেরণ নিশ্চিতকরণ এবং পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৭। ফোকাল পারসন/ভারপ্রাপ্ত কর্মকর্তা, APA সেল। (২০১৭-২০১৮ খ্রিঃ এর APA পূর্ণাঙ্গ অর্জিত মান আগামী ০১/১০/২০১৮ খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ICT সেল এ প্রেরণ নিশ্চিত করণের অনুরোধ সহ)।

✓ পি এ টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। দপ্তর নথি।

(বিপ্লব বিকাশ পাল চৌধুরী)
সহকারি পরিচালক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা
রিসার্চ এন্ড নলেজ ম্যানেজম্যান্ট সেল
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮।